



৩/১৫
১০/৭/১৬

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ২৩০

তারিখ: ০৯-০৭-২০২৪ খ্রিস্টাব্দ

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, ও এইচএসসি) ও উপবৃত্তির (পেশামূলক ও তফসিলী) অর্থ জিটুপি পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান (সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং বুয়েট ও সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি করা হয়।

MIS-এ প্রতিষ্ঠান হতে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/সংশোধন সম্পাদনের পর সফটওয়্যার হতে ডাটা সংগ্রহ, বৃত্তির গেজেটের সাথে ক্রস চেকিং, Pay Roll প্রস্তুত ও বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরাসরি শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাবে G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে অর্থ প্রেরণ করা হয়।

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাউশি, শিক্ষা বোর্ড ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/অভিভাবকের কাছ থেকে অর্থ, ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। উল্লেখ্য, রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য কোন অর্থ বা ডেবিট/ক্রেডিট কার্ড সংক্রান্ত তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য এবং কোনো Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ২৩০/১৬

তারিখ : ০৯-০৭-২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় /কলেজ/নাসিং ইন্সটিটিউটকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৭. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি...সকল)
(বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল) (বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১১. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১২. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
“[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত মেধা বৃত্তির/উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে প্রতারকচক্র থেকে সাবধানতা সংক্রান্ত জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি]-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং ক্ষেত্রে প্রকাশের অনুরোধসহ]
১৫. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
(শিক্ষার্থী এবং অভিভাবকগণকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. সংরক্ষণ নথি।

০৭.০৭.২৪

(কামরুন নাহার-০১৫৯১৪)

সহকারি পরিচালক

এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট

পরিকল্পনা ও উন্নয়ন উইং

ফোন : ৯৫৮০০১৭